



## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

www.btrc.gov.bd



### প্রেস বিজ্ঞপ্তি

#### টেলিযোগাযোগ সেবার মানোন্নয়ন ও সাইবার নিরাপত্তা সুরক্ষায় ঝালকাঠিতে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঢাকা, ২৪ মে ২০২৩।

দেশের দক্ষিণাঞ্চলের জেলা ঝালকাঠির টেলিযোগাযোগ সেবা, অবকাঠামোগত সুযোগ সুবিধা এবং সাইবার সুরক্ষার নানাবিধ দিক নিয়ে বুধবার সকালে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসক জনাব ফারাহ গুল নিব্বুমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এর চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার।

বিটিআরসি'র চেয়ারম্যান দেশের সামগ্রিক টেলিযোগাযোগ খাতের অগ্রগতি ও সাইবার নিরাপত্তা বিষয়ে একটি তথ্যমূলক প্রতিবেদন উপস্থাপনা করেন। শিঙদের নিরাপদ ইন্টারনেট নিশ্চিত বিটিআরসি কর্তৃক প্রণীত প্যারেন্টাল গাইডেন্সের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্যে ইন্টারনেট সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে নির্দেশ প্রদান করেন তিনি।

সভায় উপস্থিত গ্রাহকগণ বিটিসিএল, মোবাইল অপারেটর ও আইএসপি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সেবার মান নিয়ে অসন্তোষ প্রকাশ করেন।

বিটিআরসি'র চেয়ারম্যান টেলিযোগাযোগ খাতের বিভিন্ন সেবা সম্পর্কে গ্রাহকদের অভিযোগ মনোযোগ সহকারে শুনে কতিপয় অভিযোগের তাৎক্ষণিক সমাধান দেন এবং অন্যান্য অভিযোগ সমাধানের জন্য প্রয়োজনে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের সাথে আলোচনা করে সমস্যা সমাধানের আশ্বাস প্রদান করেন। এছাড়া মোবাইল ফোন অপারেটরগণ তাদের সেবার বিভিন্ন অভিযোগ সম্পর্কে জবাব প্রদান করেন।

এছাড়া, বিটিআরসি চেয়ারম্যান শিক্ষকগণকে বাচ্চাদের সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা তৈরির জন্য আহ্বান জানান এবং প্রয়োজনে বিটিআরসি এ বিষয়ে সহযোগিতা করবে মর্মে উল্লেখ করেন।

মতবিনিময় সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, আইনশৃংখলা বাহিনী ও জেলার উর্ধ্বতন কর্মকর্তাগণ, মোবাইল অপারেটর, এনটিটিএন অপারেটর, টাওয়ার কোম্পানি, আইএসপি অপারেটর, বিটিসিএলের প্রতিনিধিসহ গণমাধ্যম ও সুশীল সমাজের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

#### প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)  
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর/অ্যাসাইনমেন্ট এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ পোর্টাল, ঢাকা, বাংলাদেশ।

#### বিতরণ (সদয় অবগতির জন্য):

- ১। সচিব, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৩। ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে

২৪/৫/২০২৩  
মো: জাকির হোসেন খান  
উপ-পরিচালক  
(মিডিয়া কমিউ: এড পাব: উইং)  
বিটিআরসি।  
যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০  
zakirkhan@btrc.gov.bd